

৩১ বছরেও জাতীয়করণ হয়নি জীবননগর ডিগ্রি কলেজ

■ মুন্সী মাথবুবুর রহমান বাবু, জীবননগর (চুয়াডাঙ্গা) সংবাদদাতা
প্রতিষ্ঠার ৩১ বছরেও জাতীয়করণ হয়নি চুয়াডাঙ্গা জেলার
অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান জীবননগর ডিগ্রি কলেজ। ১৯৮৪
সালে প্রতিষ্ঠিত হওয়ার পর ৩১ বছর পার করেছে এ
কলেজটি। নানা সময়ে জনপ্রতিনিধিরা কলেজটি
সরকারিকরণের প্রতিশ্রুতি দিলেও আজও আলোর স্পর্শ
দেখেনি। ফলে এ উপজেলার মেধাবী গরীব শিক্ষার্থীরা
সরকারি কলেজে পড়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। দাবি
উঠেছে উপজেলার প্রথম প্রতিষ্ঠান হিসেবে এ কলেজটি
জাতীয়করণের।

কলেজ সূত্রে জানা যায়, প্রশাসনিক, বিজ্ঞান, কলা ও
বাণিজ্য ভবন বিদ্যমান রয়েছে এ কলেজে। উচ্চ মাধ্যমিক
শাখায় ব্যবসায়িক শিক্ষা, বিজ্ঞান, মানবিক, ডিগ্রি পর্যায়ের

বিবিএ, বিএ, বিএসএস ও অনার্স বিভাগ চালু রয়েছে।
সকল বিভাগে ১৫৫ জন শিক্ষক ও ১৩ জন কর্মচারী
নিয়োজিত রয়েছে। বর্তমানে কলেজটিতে প্রায় দু'হাজার
ছাত্র-ছাত্রী অধ্যয়নরত।

কলেজ অধ্যক্ষ নিজামউদ্দিন জানান, ২০০৯ সালে
স্থানীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর কলেজের
ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে দায়িত্বভার গ্রহণের পর
শিক্ষার মানোন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তার
ঐকান্তিক প্রচেষ্টায় এ বছর এ কলেজে বাংলা ও রাষ্ট্রবিজ্ঞান
বিষয় নিয়ে অনার্স চালু করা হয়েছে। তিনি জানান,
উচ্চশিক্ষায় উপজেলার প্রথম কলেজ হিসেবে এ কলেজটিকে
সরকারিকরণ করা হলে এলাকায় শিক্ষার মান আরো বৃদ্ধি
পাবে।